इस पुस्तिका में **20** मुद्रित पृष्ठ हैं।
This Booklet contains **20** printed pages.

www.prepp.in

# MVD18–I

परीक्षा पुस्तिका संख्या
Test Booklet No.

Prepp
Your Personal Exams Guide

LANG. CODE
**04**

## प्रश्न-पत्र—I / PAPER—I
## बंगला भाषा परिशिष्ट / BENGALI LANGUAGE SUPPLEMENT
## भाग IV & V / PART IV & V

परीक्षा पुस्तिका संकेत
**Test Booklet Code**

**I**

**इस परीक्षा पुस्तिका को तब तक न खोलें जब तक कहा न जाए।**
**Do not open this Test Booklet until you are asked to do so.**

**इस परीक्षा पुस्तिका के पिछले आवरण (पृष्ठ संख्या 20) पर दिए गए निर्देशों को ध्यान से पढ़ें।**
**Read carefully the Instructions on the Back Cover (Page No. 20) of this Test Booklet.**

**बंगला में निर्देशों के लिए इस पुस्तिका के पृष्ठ संख्या 2 व 19 देखें।**
**For Instructions in Bengali, see Page Nos. 2 and 19 of this Booklet.**

### *परीक्षार्थियों के लिए निर्देश :*

1. यह पुस्तिका मुख्य परीक्षा पुस्तिका का एक परिशिष्ट है, उन परीक्षार्थियों के लिए जो **या** तो भाग—IV (भाषा—I) **या** भाग—V (भाषा—II) **बंगला** भाषा में देना चाहते हैं, लेकिन **दोनों नहीं**।
2. परीक्षार्थी भाग I, II, III के उत्तर मुख्य परीक्षा पुस्तिका से दें और भाग IV व V के उत्तर उनके द्वारा चुनी भाषाओं से।
3. अंग्रेजी व हिन्दी भाषा पर प्रश्न मुख्य परीक्षा पुस्तिका में भाग—IV व भाग—V के अन्तर्गत दिए गए हैं। भाषा परिशिष्टों को आप अलग से माँग सकते हैं।
4. इस पृष्ठ पर विवरण अंकित करने एवं उत्तर-पत्र पर निशान लगाने के लिए **केवल काले/नीले बॉलपॉइंट पेन** का प्रयोग करें।
5. इस भाषा पुस्तिका का **संकेत I** है। यह सुनिश्चित कर लें कि इस भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका का संकेत, उत्तर-पत्र के **पृष्ठ-2** एवं मुख्य परीक्षा पुस्तिका पर छपे संकेत से मिलता है। अगर यह भिन्न हो, तो परीक्षार्थी दूसरी भाषा परिशिष्ट परीक्षा पुस्तिका लेने के लिए निरीक्षक को तुरन्त अवगत कराएँ।
6. इस परीक्षा पुस्तिका में **दो** भाग IV और V हैं, जिनमें **60** वस्तुनिष्ठ प्रश्न हैं तथा प्रत्येक 1 अंक का है :

   भाग—IV : भाषा—I (बंगला) (प्रश्न सं० 91–120)
   भाग—V : भाषा—II (बंगला) (प्रश्न सं० 121–150)
7. भाग—IV में भाषा—I के लिए 30 प्रश्न और भाग—V में भाषा—II के लिए 30 प्रश्न दिए गए हैं। इस परीक्षा पुस्तिका में केवल बंगला भाषा से सम्बन्धित प्रश्न दिए गए हैं। **यदि भाषा—I और/या भाषा—II में आपके द्वारा चुनी गई भाषा(एँ) बंगला के अलावा है/हैं, तो कृपया उस भाषा वाली परीक्षा पुस्तिका माँग लें। जिन भाषाओं के प्रश्नों के उत्तर आप दे रहे हैं वह आवेदन-पत्र में चुनी गई भाषाओं से अवश्य मेल खानी चाहिए।**
8. **परीक्षार्थी भाग—V (भाषा—II) के लिए, भाषा सूची से ऐसी भाषा चुनें जो उनके द्वारा भाषा—I (भाग—IV) में चुनी गई भाषा से भिन्न हो।**
9. रफ़ कार्य परीक्षा पुस्तिका में इस प्रयोजन के लिए दी गई खाली जगह पर ही करें।
10. सभी उत्तर केवल OMR उत्तर-पत्र पर ही अंकित करें। अपने उत्तर ध्यानपूर्वक अंकित करें। उत्तर बदलने हेतु श्वेत रंजक का प्रयोग निषिद्ध है।

### *Instructions for Candidates :*

1. This Booklet is a Supplement to the Main Test Booklet for those candidates who wish to answer **EITHER** Part—IV (Language—I) **OR** Part—V (Language—II) in **BENGALI** language, but **NOT BOTH**.
2. Candidates are required to answer Parts I, II, III from the Main Test Booklet and Parts IV and V from the languages chosen by them.
3. Questions on English and Hindi languages for Part—IV and Part—V have been given in the Main Test Booklet. Language Supplements can be asked for separately.
4. Use **Black/Blue Ballpoint Pen only** for writing particulars on this page/marking responses in the Answer Sheet.
5. The CODE for this Language Booklet is **I**. Make sure that the CODE printed on **Side-2** of the Answer Sheet and on your Main Test Booklet is the same as that on this Language Supplement Test Booklet. In case of discrepancy, the candidate should immediately report the matter to the Invigilator for replacement of the Language Supplement Test Booklet.
6. This Test Booklet has **Two** Parts, IV and V, consisting of **60** Objective-type Questions and each carrying 1 mark :

   Part—IV : Language—I (Bengali) (Q. Nos. 91–120)
   Part—V : Language—II (Bengali) (Q. Nos. 121–150)
7. Part—IV contains 30 questions for Language—I and Part—V contains 30 questions for Language—II. In this Test Booklet, only questions pertaining to Bengali Language have been given. **In case, the language(s) you have opted for as Language—I and/or Language—II is a language other than Bengali, please ask for a Test Booklet that contains questions on that language. The languages being answered must tally with the languages opted for in your Application Form.**
8. **Candidates are required to attempt questions in Part—V (Language—II) in a language other than the one chosen as Language—I (Part—IV) from the list of languages.**
9. Rough work should be done only in the space provided in the Test Booklet for the same.
10. The answers are to be recorded on the OMR Answer Sheet only. Mark your responses carefully. No whitener is allowed for changing answers.

परीक्षार्थी का नाम (बड़े अक्षरों में) : ____________________
Name of the Candidate (in Capitals)

अनुक्रमांक (अंकों में) : ____________________
Roll Number (in figures)

(शब्दों में) : ____________________
(in words)

परीक्षा-केन्द्र (बड़े अक्षरों में) : ____________________
Centre of Examination (in Capitals)

परीक्षार्थी के हस्ताक्षर : ____________________
Candidate's Signature

निरीक्षक के हस्ताक्षर : ____________________
Invigilator's Signature

Facsimile Signature Stamp of Centre Superintendent ____________________

বর্তমান পুস্তিকাটি 20 পৃষ্ঠা সমন্বিত

www.prepp.in

LANG. CODE
04

# MVD18–I

## প্রশ্ন-পত্র—I

## বাংলা ভাষা পরিশিষ্ট

## ভাগ—IV এবং V

পরীক্ষা-পুস্তিকা কোড
I

যতক্ষণ পর্যন্ত না বলা হবে, ততক্ষণ পর্যন্ত পরীক্ষা-পুস্তিকাটি খুলবেন না।

পরীক্ষা-পুস্তিকাটির পিছনের আবরণীতে (পৃষ্ঠা 19 এবং 20) মুদ্রিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন।

***পরীক্ষার্থীদের প্রতি নির্দেশ :***

1. যে সব পরীক্ষার্থী বাংলা ভাষায় ভাগ—IV (ভাষা—I) (Part—IV, Language—I) অথবা ভাগ—V (ভাষা—II) (Part—V, Language—II)-এর, কিন্তু **দুটিরই নয়**—উত্তর দিতে চান, তাঁদের জন্য এই পুস্তিকাটি মুখ্য পরীক্ষা-পুস্তিকার একটি পরিশিষ্ট বিশেষ।
2. পরীক্ষার্থীরা ভাগ—I, II, III-এর উত্তর মুখ্য পরীক্ষা-পুস্তিকা থেকে দেবেন এবং ভাগ—IV এবং ভাগ—V-এর উত্তর তাঁদের নিজেদের নির্বাচিত ভাষার থেকে দেবেন।
3. ইংরেজি এবং হিন্দি ভাষার উপর প্রশ্ন মুখ্য পরীক্ষা-পুস্তিকার ভাগ—IV এবং ভাগ—V-এ দেওয়া আছে। পরীক্ষার্থীরা আলাদা করে ভাষা পরিশিষ্টগুলি (Language Supplements) চেয়ে নিতে পারেন।
4. এই পৃষ্ঠার বিবরণগুলি লেখার জন্য এবং উত্তর-পত্রে উত্তর চিহ্নিতকরণের জন্য **কেবলমাত্র কালো/নীল বলপয়েন্ট পেন** ব্যবহার করতে হবে।
5. বর্তমান ভাষা-পুস্তিকার (Language Booklet) কোড **I**. এই ভাষা পরিশিষ্ট পুস্তিকার কোড এবং উত্তর-পত্রের **দ্বিতীয় পৃষ্ঠায়** মুদ্রিত কোড ও মুখ্য পরীক্ষা-পুস্তিকার উপরে মুদ্রিত কোড একই কি না, পরীক্ষার্থীরা সেটা অবশ্যই নিশ্চিত হয়ে নেবেন। কোড এক না হলে পরীক্ষার্থী অবিলম্বে পরীক্ষা-নিরীক্ষক (Invigilator)-এর দৃষ্টি আকর্ষণ করবেন এবং তাঁকে ভাষা পরিশিষ্ট পরীক্ষা-পুস্তিকাটি বদলে দিতে বলবেন।
6. এই পরীক্ষা-পুস্তিকাটি IV এবং V এই **দুই** ভাগে বিন্যস্ত এবং এর মধ্যে **60** টি বস্তুনিষ্ঠ প্রশ্ন (Objective-type Questions) বর্তমান। প্রতিটি বস্তুনিষ্ঠ প্রশ্ন 1 নম্বরের :

   ভাগ—IV : ভাষা—I (বাংলা) (প্রশ্ন সংখ্যা 91–120)
   
   ভাগ—V : ভাষা—II (বাংলা) (প্রশ্ন সংখ্যা 121–150)
7. ভাগ—IV-এ ভাষা—I-এর জন্য আছে 30 টি প্রশ্ন এবং ভাগ—V-এ ভাষা—II-এর জন্য আছে 30 টি প্রশ্ন। **যদি ভাষা—I এবং/অথবা ভাষা—II-এর জন্য আপনার নির্বাচিত ভাষাটি (গুলি) বাংলা না হয়ে অন্য কিছু হয়, তাহলে অনুগ্রহ করে আপনার নির্বাচিত ভাষার পরীক্ষা-পুস্তিকা চেয়ে নিন। আপনি আপনার আবেদন-পত্রে (Application Form) যে নির্বাচিত ভাষার উল্লেখ করেছেন, আপনাকে ঠিক সেই ভাষাতেই উত্তর লিখতে হবে।**
8. **পরীক্ষার্থীদের ভাগ—V (ভাষা—II)-এর প্রশ্নোত্তরের জন্য প্রদত্ত ভাষা-তালিকা থেকে এমন একটি ভাষা নির্বাচন করতে হবে যা তাঁদের ভাষা—I (ভাগ—IV)-এর জন্য নির্বাচিত ভাষা থেকে আলাদা অর্থাৎ ভাষা—I (ভাগ—IV) এবং ভাগ—V (ভাষা—II)-এর প্রশ্নোত্তরের জন্য একই ভাষা নির্বাচন চলবে না।**
9. পরীক্ষা-পুস্তিকায় পরীক্ষার্থীর নিজের কাজ (Rough Work)-এর জন্য নির্দিষ্ট খালি জায়গার মধ্যেই Rough Work করতে হবে।
10. সব উত্তর OMR উত্তর-পত্রের মধ্যেই চিহ্নিত করতে হবে। উত্তর চিহ্নিতকরণের কাজটি সাবধানতার সঙ্গে করতে হবে।

পরীক্ষার্থীর নাম : ____________________

ক্রমিক সংখ্যা (সংখ্যায়) : ____________________

(অক্ষরে) : ____________________

পরীক্ষা কেন্দ্র : ____________________

পরীক্ষার্থীর স্বাক্ষর : ____________________ পরীক্ষা-নিরীক্ষকের স্বাক্ষর : ____________________

Facsimile signature stamp of Centre Superintendent ____________________

Your Personal Exams Guide

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা–I** হিসাবে নির্বাচিত করেছেন, তাঁরা অবশ্যই **ভাগ–IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part–IV (Q. Nos. 91–120)**, if they have opted **BENGALI** as **Language–I** only.

# Part—IV / খণ্ড—IV

## Language—I / ভাষা—I

## Bengali / বাংলা

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা–I** হিসাবে নির্বাচিত করেছেন, তাঁরা অবশ্যই **ভাগ–IV (91 থেকে 120 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

*নির্দেশ* : নীচের প্রশ্নগুলির (**91** থেকে **105** নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন :

**91.** যখন শিক্ষার্থীদের বানান এবং যতিচিহ্ন উন্নত করতে শেখানো হবে, তখন তারা—

(1) তাদের পাঠদক্ষতাকে ধারালো করে তুলবে।

(2) তাদের ভ্রমশূন্যতাকে (accuracy) উন্নত করবে।

(3) তাদের পাঠ-গতি (fluency) বৃদ্ধি করবে।

(4) তাদের সৃজনক্ষমতার বিকাশে (nurture) যত্নবান হবে।

**92.** একটি ভাষা-শিক্ষা শ্রেণীকক্ষে গঠনমূলকতার (constructivism) অর্থ হল—

(1) ছাত্ররা বিভিন্ন অসাদৃশ্যমূলক নমুনা পড়বে এবং একটি ভালো প্রতিষ্ঠিত সমাধানে পৌঁছাবে।

(2) ছাত্ররা একজন শিক্ষকের কাছ থেকে সাহায্য পাবে এবং বিভিন্ন রকম মাধ্যমের ব্যবহারের মধ্য দিয়ে তাদের নিজস্ব তত্ত্বের (theories) নির্মাণ করবে।

(3) বিশ্বের বিভিন্ন বস্তুর অভিজ্ঞতা লাভের মধ্য দিয়ে ছাত্ররা নিজস্ব বোঝাপড়া ও জ্ঞান গড়ে তুলবে এবং তাদের ভাষা দক্ষতায় সেই অভিজ্ঞতার ছাপ পড়বে।

(4) ছাত্ররা তাদের নিজের শেখার সরঞ্জাম তৈরী করবে এবং হাতে হাতে অভিজ্ঞতা অর্জন করবে।

**93.** নিম্নলিখিতের মধ্যে কোনটি ভারতের আঞ্চলিক ভাষা উন্নয়নের চ্যালেঞ্জ হিসেবে গণ্য হবে না?

(1) মানুষের এটির সঙ্গে অপরিচিতি

(2) সুবিধার অভাব

(3) বোধিকতার অস্পষ্টতা

(4) অনুবাদের সমস্যা

**94.** ভাষা অর্জন (language acquisition) হল—

(1) কেবল প্রয়োজনীয় শব্দতালিকার ব্যবহার

(2) এমন পরিবেশগত উদ্দীপতার (stimulation) পদ্ধতি যেখানে শিশুরা নিজেদের মাতৃভাষা শিখতে পারে

(3) ব্যাকরণের বোধ এবং বিশ্লেষণের জন্য একটি কার্যসাধন পদ্ধতি

(4) মানব-মস্তিষ্কের সহজাত ধারণক্ষমতার জন্য একটি ভাষা-শিক্ষা প্রক্রিয়া

www.prepp.in

**95.** একজন ভাষা শিক্ষক লিখন কৌশল শেখাতে পারেন

(1) শ্রুতিলিখনের দ্বারা

(2) শিশুকে পরিচ্ছন্নভাবে লিখতে বলে

(3) ছাত্রদের জ্ঞান বৃদ্ধির ধারণা দিয়ে এবং তাদের নিজের ভাষায় লিখতে বলে

(4) ছাত্রদের অনুচ্ছেদ পড়তে বলে

**96.** ভাষার বাক্‌পটুতা গড়ে তোলা যেতে পারে—

(1) ছাত্রদের সঙ্গে কথা বলে।

(2) ছাত্ররা যদি বুঝতে না পারে তবে তাদের শান্তভাবে বসতে বলে।

(3) ভুল চিহ্নিত করে সেগুলিকে তৎক্ষণাৎ ঠিক করে।

(4) যোগাযোগের মাধ্যম হিসেবে ভাষাকে ব্যবহার করার সুযোগ তৈরী করে।

**97.** একটি ভাষা শিক্ষায় ফলপ্রসূ পাঠ শুরু হয়—

(1) পাঠ্য বিষয়বস্তুর তালিকা প্রস্তুত করে।

(2) বিভিন্ন কাজের মধ্য দিয়ে ছাত্রদের অনুপ্রাণিত করে এবং সারকথাকে ঝালিয়ে নিয়ে।

(3) পাঠ প্রসঙ্গ উপস্থাপনের মধ্য দিয়ে।

(4) ব্ল্যাকবোর্ডে লেখার মাধ্যমে।

**98.** প্রতিকারযোগ্য (remedial) শিক্ষা হল একটি ______ কার্য।

(1) আদেশমূলক

(2) নির্দেশমূলক

(3) নেতিবাচক

(4) তাত্ত্বিক

**99.** ভাষা দক্ষতা শেখানো উচিত—

(1) পরিষ্কার ব্যাখ্যার মাধ্যমে

(2) বিচ্ছিন্নভাবে

(3) একীকরণ পদ্ধতিতে

(4) অনুকরণের মাধ্যমে

www.prepp.in

**100.** ভাষা-শিক্ষা প্রক্রিয়ার মধ্যে ছাত্রদের উচ্চারণে আত্মবিশ্বাসের অভাব হয়। একে কি করে অতিক্রম করা যেতে পারে?

(1) শ্রেণীকক্ষে উচ্চ স্বরে পড়ে

(2) নাট্যকার্যের মধ্য দিয়ে শিশুদের পারস্পরিক কথা বলার মাধ্যমে

(3) তৎক্ষণাৎ ভুল সংশোধন করে

(4) ভাষা বিশেষজ্ঞের সাহায্যে বিশেষ কর্মতৎপরতার আয়োজন করে

**101.** প্রশ্নপত্র তৈরীর পর শিক্ষক পরীক্ষার বিষয়বস্তু দেখে (check) নেন। প্রশ্নপত্রে শিক্ষকের প্রাথমিক চিন্তাভাবনা হল—

(1) বিষয়বস্তু সম্পূর্ণায়ন (coverage)

(2) প্রশ্নের ধরন

(3) বিশ্বাসযোগ্যতা

(4) বৈধতা

**102.** _____ সমস্যা পাঠ সমস্যার চিহ্ন নয়।

(1) বর্ণ ও শব্দ চিনতে পারার

(2) বানান সামঞ্জস্য

(3) পড়ার গতি এবং স্বাচ্ছন্দ্য-বিষয়ক

(4) অভিপ্রায় ও শব্দ বুঝতে পারার

**103.** ভাষার প্রকৃতি প্রসঙ্গে নিম্নলিখিত কোন্ বাক্যটি সত্য নয়?

Your Personal Exams Guide

(1) প্রতিটি ভাষার নিজস্ব গঠন আছে।

(2) ভাষা সংস্কৃতি ও সভ্যতার সঙ্গে সম্পর্কযুক্ত।

(3) ভাষা সরল থেকে জটিলের দিকে যাত্রা করে।

(4) ভাষা সংশ্লেষণ থেকে বিশ্লেষণের দিকে যায়।

**104.** নিম্নলিখিত কোন্ শ্রেণীকক্ষ অনুশীলন মৌখিক ভাষার গঠন সক্ষম করে?

(1) শিক্ষকের সঙ্গে পাঠ্যপুস্তকের গল্প সমস্বরে পড়া

(2) সমস্বরে শব্দের সঠিক উচ্চারণ অনুশীলন করা

(3) একাকী কবিতা আবৃত্তি ও মুখস্থ করা

(4) প্রিয় গল্পের চরিত্র অভিনয়ে অংশ নেওয়া

**105.** দ্রুত পাঠের উদ্দেশ্য হল—

(1) আগ্রহ জাগানো

(2) নির্দিষ্ট বিবরণ জানা

(3) বিস্তৃত পাঠ

(4) তথ্য জানতে চাওয়া

*নির্দেশ* : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে প্রশ্নগুলির (**106** থেকে **114** নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :

www.prepp.in

সাহিত্যের বিষয়টি ব্যক্তিগত; শ্রেণীগত নয়। এখানে 'ব্যক্তি' শব্দটাতে তার ধাতুমূলক অর্থের উপরেই জোর দিতে চাই; স্বকীয় বিশেষত্বের মধ্যে যা ব্যক্ত হয়ে উঠেছে, তাই ব্যক্তি। সেই ব্যক্তি স্বতন্ত্র। বিশ্ব জগতে তার সম্পূর্ণ অনুরূপ আর দ্বিতীয় নেই।

ব্যক্তিরূপের এই ব্যক্ততা সকলের সমান নয়, কেউ বা সুস্পষ্ট, কেউ বা অস্পষ্ট। অন্তত, যে মানুষ উপলব্ধি করে তার পক্ষে। সাহিত্যের ব্যক্তি কেবল মানুষ নয়; বিশ্বের যে কোনো পদার্থই সাহিত্যে সুস্পষ্ট তাই ব্যক্তি; জীবজন্তু, গাছপালা, নদী, পর্বত, সমুদ্র, ভালো জিনিস, মন্দ জিনিস, বস্তুর জিনিস, ভাবের জিনিস, সমস্তই ব্যক্তি—নিজের ঐকান্তিকতায় সে যদি ব্যক্ত না হল তাহলে সাহিত্যে সে লজ্জিত।

যে গুণে এরা সাহিত্যে সেই পরিমাণে ব্যক্ত হয়ে ওঠে, যাতে আমাদের চিত্ত তাকে স্বীকার করতে বাধ্য হয়, সেই গুণটি দুর্লভ—সেই গুণটিই সাহিত্য রচয়িতার। তা রজোগুণও নয়, তমোগুণও নয়, তা কল্পনাশক্তির ও রচনাশক্তির গুণ।

পৃথিবীতে অসংখ্য মানুষকে, অসংখ্য জিনিসকে আমরা পুরোপুরি দেখতে পাই নে। প্রয়োজন হিসাবে বা সাংসারিক প্রভাব হিসাবে তারা পুলিস ইন্‌স্পেক্টর বা ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের মতোই অত্যন্ত পরিদৃষ্ট এবং পরিস্পৃষ্ট হতে পারে, কিন্তু ব্যক্তি হিসাবে তারা হাজার হাজার পুলিস ইন্‌স্পেক্টর এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেটের মতোই অকিঞ্চিৎকর, এমনকি, যাদের প্রতি তারা কর্তৃত্ব করে তাদের অনেকের চেয়ে। সুতরাং তারা অচিরকালীন বর্তমান অবস্থার বাইরে মানুষের অন্তরঙ্গরূপে প্রকাশমান নয়।

কিন্তু, সাহিত্য রচয়িতা আপন সৃষ্টিশক্তির গুণে তাদেরও চিরকালীনরূপে ব্যক্ত করে দাঁড় করাতে পারে। তখন তারা ব্রিটিশ সাম্রাজ্যের দণ্ডবিধাতারূপে কোনো শ্রেণী বা পদের প্রতিনিধিরূপে নয়, কেবলমাত্র আপন স্বতন্ত্র ব্যক্তিত্বের মূল্যে মূল্যবান। ধনী বলে নয়, মানী বলে নয়, জ্ঞানী বলে নয়, সৎ বলে নয়, সত্ত্ব, রজ বা তপোগুণান্বিত বলে নয়, তারা স্পষ্ট হতে পেরেছে বলেই সমাদৃত। এই ব্যক্তি মাপের সাহিত্যমূল্যটি নির্ণয় ও ব্যাখ্যা করা সহজ নয়। এই জন্যেই সাহিত্য-বিচারে অনেকেই ব্যক্তি পরিচয়ের দুরূহ কর্তব্যে ফাঁকি দিয়ে শ্রেণীর পরিচয় দিয়ে থাকেন।

Prepp
Your Personal Exams Guide

**106.** সাহিত্য রচয়িতার গুণ কোনটি?

(1) রজোগুণ ও কল্পনাশক্তি

(2) রচনাশক্তি ও তমোগুণ

(3) কল্পনাশক্তি ও রচনাশক্তি

(4) রজোগুণ ও তমোগুণ

**107.** স্বকীয় বিশেষত্বের মধ্যে যা ব্যক্ত হয়ে উঠেছে, তাই—

(1) অব্যক্ত

(2) অতিব্যক্ত

(3) নিব্যক্ত

(4) ব্যক্তি

**108.** আলোচ্য রচনায় দুটি সরকারি পেশার উল্লেখ আছে। সে দুটি হল—

(1) পুলিস ইন্‌স্পেক্টর এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট

(2) ফুড ইন্‌স্পেক্টর এবং জুডিসিয়ল ম্যাজিস্ট্রেট

(3) পুলিস ইন্‌স্পেক্টর এবং জুডিসিয়ল ম্যাজিস্ট্রেট

(4) আবগারি ইন্‌স্পেক্টর এবং ডিস্ট্রিক্ট ম্যাজিস্ট্রেট

www.prepp.in

**109.** "নিজের ঐকান্তিকতায় সে যদি ব্যক্ত না হল তাহলে সাহিত্যে সে লজ্জিত।" বাক্যটি কোন্ ধরনের অব্যয়?

(1) যোজক সমুচ্চয়ী অব্যয়

(2) বিয়োজক বা বৈকল্পিক সমুচ্চয়ী অব্যয়

(3) সম্ভাবনা-সাপেক্ষ সমুচ্চয়ী অব্যয়

(4) হেতুবাচক সমুচ্চয়ী অব্যয়

**110.** 'অত্যন্ত' শব্দের কোন্ সন্ধি বিচ্ছেদটি সঠিক?

(1) অত্য + অন্ত

(2) অতি + অন্ত

(3) অতি + অন্ত্য

(4) অতী + অন্ত

**111.** 'সুস্পষ্ট' শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি?

(1) অস্পষ্ট

(2) সুচারু

(3) অতিস্পষ্ট

(4) বিভ্রান্ত

**112.** রচনা অনুসারে সঠিক ক্রম নির্বাচন করুন।

(A) সুতরাং তারা অচিরকালীন বর্তমান অবস্থার বাইরে মানুষের অন্তরঙ্গরূপে প্রকাশমান নয়।

(B) সেই ব্যক্তি স্বতন্ত্র।

(C) সাহিত্যের ব্যক্তি কেবল মানুষ নয়।

(D) এই ব্যক্ত রূপের সাহিত্যমূল্যটি নির্ণয় ও ব্যাখ্যা করা সহজ নয়।

(1) C, B, D, A

(2) B, A, D, C

(3) C, D, A, B

(4) B, C, A, D

**113.** সঠিক বাক্য নির্বাচন করুন।

(1) যে দোষেগুণে এরা সাহিত্যে সেই পরিমাণে ব্যক্ত হয়ে ওঠে, যাতে আমাদের চিত্ত তাকে অস্বীকার করতে বাধ্য হয়, সেই গুণটি দুর্লভ—সেই গুণটিই সাহিত্য রচয়িতার।

(2) যে গুণে এরা সাহিত্যে সেই পরিমাণে ব্যক্ত হয়ে ওঠে, যাতে আমাদের চিত্ত তাকে স্বীকার করতে বাধ্য হয়, সেই গুণটি দুর্লভ—সেই গুণটিই সাহিত্য রচয়িতার।

(3) যে গুণে এরা সাহিত্যে সেই পরিমাণে অব্যক্ত হয়ে ওঠে, যেভাবে আমাদের চিত্ত তাকে স্বীকার করতে বাধ্য হয়, সেই গুণটি দুর্লভ—সেটা সাহিত্য রচয়িতার।

(4) যে গুণে এরা সাহিত্যে সেই পরিমাণে ব্যক্ত হয়ে ওঠে, যাতে আমার চিত্ত তাকে স্বীকার করতে বাধ্য হয়, সেই গুণটি দুর্বল—সেই গুণটিই সাহিত্য রচয়িতার।

**114.** নিম্নলিখিত কোন্ বাক্যটি/বাক্যাংশটি আলোচ্য রচনায় আছে?

(1) মানুষের পরিচয়ের চেয়ে জাতের পরিচয়ে আমাদের চোখ পড়ে বেশি।

(2) তা রজোগুণও নয়, তমোগুণও নয়, তা কল্পনাশক্তির ও রচনাশক্তির গুণ।

(3) সাহিত্যে ভালো লাগা মন্দ লাগা হল শেষ কথা।

(4) বিজ্ঞানে সত্য-মিথ্যার বিচারই শেষ বিচার।

www.prepp.in

*নির্দেশ* : নিম্নলিখিত কবিতাটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (115 থেকে 120 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :

প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য
ধ্বংসের মুখোমুখি আমরা,
চোখে আর স্বপ্নের সেই নীল মদ্য
কাঠফাটা রোদ সেঁকে চামড়া।

চিমনির মুখে শোনো সাইরেন-শঙ্খ,
গান গায় হাতুড়ি ও কাস্তে,
তিল তিল মরণেও জীবন অসংখ্য
জীবনকে চায় ভালবাসতে।

প্রণয়ের যৌতুক দাও প্রতিবন্ধে,
মারণের পণ নখদন্তে;
বন্ধন ঘুচে যাবে জাগাবার ছন্দে,
উজ্জ্বল দিন দিক্-অন্তে।

**115.** আলোচ্য কবিতাটি কোন্ ছন্দে লেখা ?

(1) মহাপয়ার

(2) কলাবৃত্ত বা মাত্রাবৃত্ত

(3) দলবৃত্ত বা স্বরবৃত্ত

(4) মিশ্রকলাবৃত্ত বা মিশ্রবৃত্ত

**116.** চিমনির মুখে কি শোনা যায় ?

(1) ধোঁয়া বের হওয়ার শব্দ

(2) বিকট শব্দ

(3) সাইরেন-শঙ্খ

(4) রবীন্দ্রসঙ্গীত

**117.** আলোচ্য কবিতাটি কি ধরনের রচনা ?

(1) ভ্রমণমূলক

(2) বিজ্ঞানমূলক

(3) সাহিত্যমূলক

(4) সমাজ ও জীবনমূলক

**118.** ‘প্রণয়’ শব্দের বিপরীতার্থক শব্দ কোনটি ?

(1) প্রয়াণ

(2) বিদ্বেষ

(3) বিপরীত

(4) বিপাসনা

**119.** “মারণের পণ ______,”
শূন্যস্থান পূরণ করুন।

(1) নখদন্তে

(2) গজদন্তে

(3) পদদন্তে

(4) রণদন্তে

**120.** “প্রিয়, ফুল খেলবার দিন নয় অদ্য
ধ্বংসের মুখোমুখি আমরা।”
এখানে কোন্ অলঙ্কারের ব্যবহার দেখা যায় ?

(1) দৃষ্টান্ত

(2) রূপক

(3) নিশ্চয়

(4) ব্যতিরেক

Your Personal Exams Guide

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা–II** হিসাবে নির্বাচিত করেছেন, তাঁরা অবশ্যই **ভাগ–V (121 থেকে 150 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

Candidates should attempt the questions from **Part–V (Q. Nos. 121–150)**, if they have opted **BENGALI** as **Language–II** only.

# Part—V / খণ্ড—V

# Language—II / ভাষা—II

# Bengali / বাংলা

যে-সব পরীক্ষার্থী **বাংলাকে ভাষা–II** হিসাবে নির্বাচিত করেছেন, তাঁরা অবশ্যই **ভাগ–V (121 থেকে 150 নং প্রশ্ন)**-এর উত্তর দেবেন।

*নির্দেশ* : নীচের প্রশ্নগুলির (**121** থেকে **135** নং প্রশ্ন) সর্বাধিক গ্রহণযোগ্য উত্তর নির্বাচন করুন :

**121.** একটি প্রাথমিক স্তরের ছাত্রের শোনার ও বলার ক্ষমতা বাড়ানোর জন্য নিম্নলিখিত কোন্ কৌশল সবচেয়ে বেশি উপযোগী ?

(1) গল্পকথন এবং শ্রুতলিখন

(2) কবিতা আবৃত্তি এবং ভাষা পরীক্ষাগার

(3) চরিত্র অভিনয় এবং খবর পড়া

(4) চরিত্র অভিনয় এবং মিথস্ক্রিয়া

**122.** একটি ভাষায় প্রতিকারযোগ্য (remedial) শিক্ষাদানের লক্ষ্য হল—

(1) ছাত্রের প্রাথমিক ভুল-ভ্রান্তি কাটিয়ে ওঠা।

(2) জ্ঞান-বিষয়ক ভুল-ভ্রান্তি কাটিয়ে ওঠা।

(3) ছাত্রদের মধ্যে আত্মবিশ্বাসের বোধ গড়ে তোলা।

(4) উপরোক্ত সবগুলি।

**123.** একটি ভাষার সাধারণ বোঝাপড়া বিচার করার জন্য কোন্ ধরনের প্রশ্ন সবচেয়ে উপযুক্ত ?

(1) অতি সংক্ষিপ্ত উত্তর পদ্ধতি

(2) দীর্ঘ উত্তর পদ্ধতি

(3) প্রবন্ধ পদ্ধতি

(4) বস্তুনিষ্ঠ পদ্ধতি

**124.** "শিশুরা ভাষা শিক্ষার সহজাত ক্ষমতা নিয়ে জন্মায়।" একথা কে বলেছিলেন ?

(1) জেন পিয়াগেট

(2) চমস্কি

(3) ভাইগটস্কি

(4) পাভলভ

**125.** যদি একটি বালিকা হিন্দি ভাষা অঞ্চল থেকে আপনার অঞ্চলে আসে, সে আপনার ভাষা ব্যবহারে ভুল করবে। একজন শিক্ষক হিসেবে নিম্নলিখিত কোন্ বক্তব্যটিকে আপনি সঠিক বলে মনে করবেন ?

(1) তাকে অবশ্যই তার ভুলগুলো বার বার মনে করিয়ে দিতে হবে।

(2) ভাষা ব্যবহারে তাকে বেশি সুযোগ দেওয়া যেতে পারে।

(3) তাকে প্রতিদিন আধঘণ্টা করে নতুন ভাষা বলার অনুশীলন করতে বলা যেতে পারে।

(4) নতুন ভাষার ব্যবহারে তার মাতৃভাষার প্রভাব অনুমোদন না করা যেতে পারে।

**126.** নিম্নলিখিত কোন্ উদ্দেশ্যের জন্য ভাষা শিক্ষা প্রয়োজনীয় নয় ?

(1) জীবনের বিভিন্ন পর্যায় জানার জন্য।

(2) ভাষা বোধ শেখার জন্য।

(3) ভেতরের স্বর শোনার ও বলার জন্য।

(4) জীবনের বিভিন্ন প্রয়োজনকে পরিপূর্ণ করার জন্য।

www.prepp.in

**127.** ভাষার পরিপ্রেক্ষিতে নিম্নলিখিতের মধ্যে প্রবন্ধজাতীয় পরীক্ষার সুবিধা কোনটি ?

(1) এটি শিশুর চিন্তাভাবনা লিখিত ভাষায় প্রকাশ করার দক্ষতার মূল্যায়নে সাহায্য করে।

(2) এটি ছাত্রদের পরীক্ষার জন্য কয়েকটি প্রশ্নোত্তর তৈরীতে সাহায্য করে।

(3) যেহেতু ছাত্রদের কেবল কয়েকটি প্রশ্নেরই উত্তর দিতে হবে এবং এভাবে তার পড়ার জন্য সময় বাঁচবে।

(4) এটি পুরো পাঠক্রম ঘিরে (cover) নেবে।

**128.** বিশেষভাবে সক্ষম (দিব্যাঙ্গ) শিশুদের _____ প্রয়োজন, লিখন দক্ষতার অনুশীলনের জন্য।

(1) ভাবনার মৌলিকতা

(2) প্রতীকায়িত ভাষার ব্যবহার

(3) সঠিক শব্দতালিকার ব্যবহার

(4) সুন্দর হস্তাক্ষর

**129.** ভাষায় ধারাবাহিক এবং সামগ্রিক মূল্যায়নের জন্য কিসের উপর জোর দিতে হবে ?

(1) সঠিক শব্দতালিকা

(2) প্রকল্প (project) কাজ

(3) সঠিক উচ্চারণ

(4) ভিন্ন প্রেক্ষিতে ভাষা ব্যবহারের সক্ষমতা

**130.** বহুভাষিকতা (multilingualism) হল—

(1) ভাষা শিক্ষায় বাধা

(2) ভাষা মূলধনের (resource) পক্ষে ভয়ঙ্কর

(3) ভাষা শিক্ষায় একটি গুরুত্বপূর্ণ মূলধন

(4) ভাষা শিক্ষায় সমস্যা উৎপাদনকারী

**131.** ভাষার প্রাথমিক রূপ হল—

(1) চিহ্ন ভাষা

(2) ব্যাকরণ

(3) লিখিত ভাষা

(4) মুখের ভাষা

**132.** গল্প এবং কবিতার কোন্ প্রেক্ষিতকে আপনি প্রাথমিক স্তরে সবচেয়ে গুরুত্বপূর্ণ বলে মনে করেন ?

(1) সেগুলি মূল্যবোধযুক্ত হবে

(2) গল্প ও কবিতার শব্দতালিকা সমৃদ্ধ হবে

(3) বিভিন্ন গুরুত্বপূর্ণ নাম ও ঘটনা বারংবার উচ্চারিত (repetition) হবে

(4) গুরুত্বপূর্ণ কবি/গল্পকারদের কবিতা ও গল্প হবে

www.prepp.in

133. ভাষার ব্যাকরণ শিক্ষা _____ উন্নতিতে সাহায্য করবে না।

(1) যথাযথ

(2) প্রবহমানতা

(3) সংখ্যাজ্ঞান (numeracy)

(4) সাক্ষরতা

134. লেখার পরম্পরার সঙ্গে সংযুক্ত—

(1) গল্পের ধারণা

(2) কল্পনা

(3) প্রকৃত যতিচিহ্ন

(4) ভালো শব্দতালিকা

135. ভাষা মূল্যায়নের প্রকৃত উদ্দেশ্য হবে—

(1) শিক্ষার্থীদের ভুল খুঁজে বের করা

(2) ছাত্রদের কর্মক্ষমতার নিরিখে পদোন্নতি (promotion) নির্ধারণ করা

(3) ছাত্রদের সফলতা পরিমাপ করা

(4) পড়ার মধ্যে থেকে যাওয়া শূন্যতাকে লক্ষ্মণ দেখে নির্ণয় করা এবং প্রতিকার করা

*নির্দেশ* : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (136 থেকে 143 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :

ছেলেবেলায় বাবামশায়ের শখের বাগানে কেউ আমরা ঢুকতে পেতুম না, ভাগবত মালীর দাপটে। আমরা ছেলেরা কজন মিলে একপাশে নিজেদের বাগান বানিয়ে নিয়েছিলুম। ছোট্ট বাগানটি, বাবামশায়ের দেখাদেখি একটা জায়গায় ইট-পাথর জড়ো করে এখানে ওখানে ঘাসের চাপড়া বসিয়ে পাহাড়ের অনুকরণ ক'রে, মাঝে মাটি খুঁড়ে, একটা গোল মাটির গামলা বসিয়ে তাতে জল ভ'রে, টিনের হাঁস, মাছ ছেড়ে চুম্বককাঠি দিয়ে টানি—সেই হল আমাদের গোলপুকুর। বিকেলে ইস্কুল থেকে সব ছেলে ফিরে এলে তখন আবার সবাই একসঙ্গে হয়ে খেলাধুলো করি। সারাদিন একলা থাকার পর ওই সময়টুকু বড়ো আনন্দে কাটত আমার।

বিকেল হতেই বাগানে বাবামশায়ের কুরসি ফরসি পড়ে। ভাগবত ফোয়ারা ছেড়ে দেয়; সত্যিকার হাঁস, মাছ ফোয়ারার জলে ভেসে বেড়ায়। বাবামশায় নীচে নেমে এসে বসেন বাগানে। পড়শি কালাচাঁদবাবু, মাথায় বুলবুলির ঝুঁটির মতো একটু চুল, বুকে একটি ফুল গুঁজে, গলায় চুনট-করা চাদর ঝুলিয়ে, বার্ণিশ-করা জুতো প'রে, ছিপ্‌ছিপে ছড়ি ঘোরাতে ঘোরাতে হেলেদুলে আসেন বাগানের মজলিশে। ফি শনিবার আপিস ছুটির পর মতিলালবাবু চলে আসেন বাবামশায়ের কাছে। মাছ ধরার খুব ঝোঁক ছিল তাঁর। বাবামশায় বলতেন, "এই-যে লালমোতি এসেছ, ছিপ্‌টিপ্ ঠিক আছে তো?" লালমোতি বলেই ডাকতেন তাঁকে। ওদিককার বড়ো পুকুরে লালমোতি প্রায়ই মাছ ধরতেন। বাবামশায়ও বসে যেতেন মাছ ধরতে কোনো-কোনো দিন। ওই সেই পুরানো পুকুর, যার ওপারে প্রকাণ্ড বট গাছ—রবিকার 'জীবনস্মৃতি'-তে আছে লেখা। ছেলেবেলায় যা ভয় পেতুম বটগাছটাকে! গল্প শুনতুম চাকর-দাসীর কাছে জটেবুড়ি ব্রহ্মদত্যি কত কী আছে ওখানে।

তা যাক, তখন সেই বিকালবেলা ওদিকে বাগানে জমত বাবামশায়ের আসর, এদিকে আমাদের হত ইস্কুল-ইস্কুল

খেলা; এ বাড়ি ও বাড়ির মাঝে যে গলিটুকু কাছারিঘরের সামনে, সেই জায়গাটুকুই আমাদের খেলার জায়গা।

www.prepp.in

**136.** 'জীবনস্মৃতি'-র রচয়িতা কে?

(1) অবনীন্দ্রনাথ ঠাকুর

(2) সত্যেন্দ্রনাথ ঠাকুর

(3) দ্বারকানাথ ঠাকুর

(4) রবীন্দ্রনাথ ঠাকুর

**137.** 'ফোয়ারা' শব্দের অর্থ কী?

(1) নালিপথের জল

(2) ঝর্নার জল

(3) ঊর্ধ্বমুখী জলধারা

(4) সমুদ্র ও নদীর মিলনস্থান

**138.** স্কুল>ইস্কুল পরিবর্তনের প্রক্রিয়ার নাম কী?

(1) আদি স্বরাগম

(2) স্বরলোপ

(3) মধ্য স্বরাগম

(4) অন্ত্যস্বরাগম

**139.** সঠিক বাক্য নির্বাচন করুন।

Prepp
Your Personal Exams Guide

(1) পড়শি কালাচাঁদবাবু, মাথায় বুলবুলির ঝুঁটির মতো একটু চুল, গলায় চুনট-করা চাদর ঝুলিয়ে, বার্ণিশ-করা জুতো প'রে হেলেদুলে আসেন বাবামশায়ের কাছে।

(2) পড়শি কালাচাঁদবাবু, মাথায় বুলবুলির ঝুঁটির মতো একটু চুল, বুকে একটি ফুল গুঁজে, গলায় চাদর ঝুলিয়ে, ছিপ্‌ছিপে ছড়ি ঘোরাতে ঘোরাতে হেলেদুলে আসেন বাগানের মজলিসে।

(3) পড়শি কালাচাঁদবাবু, মাথায় বুলবুলির ঝুঁটির মতো একটু চুল, বুকে একটি ফুল গুঁজে, গলায় চুনট-করা চাদর ঝুলিয়ে, বার্ণিশ-করা জুতো প'রে; ছিপ্‌ছিপে ছড়ি ঘোরাতে ঘোরাতে হেলেদুলে আসেন বাগানের মজলিশে।

(4) পড়শি কালাচাঁদবাবু, মাথায় বুলবুলির ঝুঁটির মতো একটু চুল, বুকে একটি লাল ফুল গুঁজে, গলায় চুনট-করা চাদর ঝুলিয়ে, বার্ণিশ-করা জুতো প'রে, ছড়ি ঘোরাতে ঘোরাতে দুলেদুলে আসেন বাগানের মজলিশে।

**140.** "মাছ ধরার খুব ঝোঁক ছিল তাঁর।" এখানে কার কথা বলা হয়েছে?

(1) বাবামশাইয়ের

(2) মতিলালবাবুর

(3) কালাচাঁদবাবুর

(4) রবিকার

Prepp Your Personal Exam Guide

141. ‘ভাগবত’ কে ?

www.prepp.in

(1) সহিস

(2) মালী

(3) ধোপী

(4) বাজার সরকার

142. “বিকেলে ইস্কুল থেকে সব ছেলে ফিরে এলে তখন আবার সবাই একসঙ্গে হয়ে ______ করি।” শূন্যস্থান পূরণ করুন।

(1) ঘোরাফেরা

(2) মধ্যাহ্নভোজন

(3) নামতা মুখস্থ

(4) খেলাধুলো

143. রচনা অনুসারে সঠিক ক্রম নির্বাচন করুন।

(A) মাছ ধরার খুব ঝোঁক ছিল তাঁর।

(B) আমরা ছেলেরা কজন মিলে একপাশে নিজেদের বাগান বানিয়ে নিয়েছিলুম।

(C) সত্যিকার হাঁস, মাছ ফোয়ারার জলে ভেসে বেড়ায়।

(D) ছেলেবেলায় যা ভয় পেতুম বটগাছটাকে।

(1) C, A, B, D

(2) B, C, A, D

(3) B, A, D, C

(4) A, D, B, C

*নির্দেশ* : নিম্নলিখিত গদ্যটি পাঠ করে সংশ্লিষ্ট প্রশ্নগুলির (144 থেকে 150 নং প্রশ্ন) সঠিক উত্তর নির্বাচন করুন :

কৃষিনির্ভর প্রাচীন সমাজের ইতিহাস জানতে গেলে তাই আগে ভূমিব্যবস্থার ইতিহাস জানা দরকার। কারণ, শ্রেণীবিন্যাস, সমাজ ও রাষ্ট্রের সঙ্গে ব্যক্তির সম্পর্ক, জমির দায় ও অধিকার—এ সবকিছুই ভূমিব্যবস্থার ওপর নির্ভর করে।

অষ্টম শতকের আগে পর্যন্ত প্রধানত তিন রকমের জমির কথা জানা যায়—বাস্তু, ক্ষেত্র ও খিলক্ষেত্র। যেখানে লোকে ঘরবাড়ি তুলে বাস করে, তা বাস্তুজমি। যে জমিতে চাষ করা যায় এবং চাষ করা হচ্ছে, তাকে বলা হত ক্ষেত্রভূমি। দ্বাদশ ও ত্রয়োদশ শতকে ক্ষেত্রভূমির অন্য নাম ছিল ‘নালভূ’। এখনও এই অর্থে আমরা নালজমি কথাটা ব্যবহার করে থাকি। যে জমিতে চাষ করা যায়, কিন্তু চাষ না করে ফেলে রাখা হয়েছে, তাকে বলা হত খিলক্ষেত্র। যে জমি চাষের অযোগ্য, প্রাচীন লিপিতে তাকে শুধুমাত্র খিল বলে উল্লেখ করা হয়েছে।

এছাড়া আরও অনেক রকমের জমির উল্লেখ আছে। যে নালা বা নীচু জমির উপর দিয়ে জল নিকাশ হত তাকে বলা হত তল। বাটক বলতে চলাচলের রাস্তা বোঝাতো, উদ্দেশ বলতে বোঝাত বাঁধ, ঢিপি, জমির আল ইত্যাদি উঁচু জায়গা। জোলা, জোলক, জোটিকা বলতে বোঝাত সরু খাল, যার ভিতর দিয়ে বিল, পুকুর, গ্রাম ইত্যাদির জল চলাচল করে। খাট, খাটো, খাটিকা, খাড়ি, খাড়িকার অর্থ খাল। যানিকা, স্রোতিকা, গঙ্গিনিকাও ওই অর্থে ব্যবহৃত হত। হজ্জিকার অর্থ নিম্নজলাভূমি। হট্ট, হট্টিকার অর্থ হাট-বাজার, ঘট্ট অর্থে ঘাট; পারঘাটকে বলা হত তর। এঁদো ডোবাকে বলা হত গর্ত। চাষের অযোগ্য অনুর্বর উঁচু জমিকে বলা হত উষর। যে জমিতে গরু মোষ চরে বেড়ায়, তা গোমর্গ, গোবাট, গোপথ, গোচর। গোচরভূমি থাকত গ্রামের ঠিক বাইরে; বহুকাল থেকেই এটা ছিল গ্রামবাসীদের সাধারণ সম্পত্তি। বন, অরণ্য ছিল গ্রামের বাইরে। জনপদের লোক

চলাচল ও যানবাহন চলাচলের পথকে বলা হত মার্গ, বাট। আবর্জনা-স্থান ছিল আস্তাকুঁড়।

www.prepp.in

**144.** সঠিক বাক্য নির্বাচন করুন।

(1) যে জমিতে চাষ করা যায় অথচ চাষ করা হচ্ছে না, তাকে বলে ক্ষেত্রভূমি।

(2) যে জমিতে চাষ করা যায় এবং চাষ করা হচ্ছে, তাকে বলা হত ক্ষেত্রভূমি।

(3) যে জমিতে চাষ করা যায় না কিন্তু চাষ করা হচ্ছে, তাকে বলে ক্ষেত্রভূমি।

(4) যে জমিতে চাষ করা যায় এবং চাষ করা হচ্ছে, তাকে বলা হত বাস্তুজমি।

**145.** 'হাট-বাজার' কোন্ সমাস ?

(1) দ্বন্দ্ব

(2) বহুব্রীহি

(3) তৎপুরুষ

(4) কর্মধারয়

**146.** 'ঊষর' শব্দের বিপরীতার্থক শব্দ হল

(1) উত্তাপ

(2) উত্তমর্ণ

(3) উত্থিত

(4) উর্বর

**147.** প্রাচীন বাংলায় 'মার্গ'-এর অপর নাম ছিল

(1) বাট

(2) গর্ত

(3) গোচর

(4) স্রোতিকা

**148.** 'খিল' বলতে বোঝায়

(1) উর্বর জমি

(2) চাষের অযোগ্য জমি

(3) নাল জমি

(4) দু একর জমি

**149.** প্রাচীন বাংলায় চলাচলের রাস্তাকে বলা হত

(1) যানিকা

(2) আল

(3) বাটক

(4) নালভূ

**150.** আবস্কর-স্থানকে আজকের বাংলায় কি বলে ?

(1) এলাকা

(2) অরণ্য

(3) আস্তাকুঁড়

(4) জনপদ

Prepp Your Personal Exams Guide

www.prepp.in
Your Personal Exams Guide
prepp Your Personal Exam Guide

SPACE FOR ROUGH WORK

Your Personal Exams Guide

***নিম্নলিখিত নির্দেশগুলি মন দিয়ে পড়ুন :***

www.prepp.in
Prepp
Your Personal Exams Guide

1. বিভিন্ন ধরনের প্রশ্নের উত্তর নির্বাচনের জন্য যে নির্দেশ পরীক্ষা-পুস্তিকায় দেওয়া রয়েছে, প্রশ্নের উত্তর নির্বাচনের পূর্বে তা মনোযোগ সহকারে পড়ুন।
2. প্রতিটি প্রশ্নের চারটি বিকল্প উত্তরের মধ্যে সঠিক উত্তর হিসাবে OMR উত্তর-পত্রে **দ্বিতীয় পৃষ্ঠায় কেবল একটিমাত্র বৃত্তকেই কালো/নীল বলপয়েন্ট পেন** দিয়ে ভরাট করতে হবে। একবার উত্তর চিহ্নিতকরণ হয়ে গেলে তা আর বদলানো যাবে না।
3. পরীক্ষার্থীকে অবশ্যই মনে রাখতে হবে যে, উত্তর-পত্রটিতে কিছুতেই ভাঁজ ফেলা চলবে না, অন্য কোনো রকম দাগ লাগানো চলবে না। পরীক্ষার্থী তাঁর ক্রমিক সংখ্যাটি (Roll No.) নির্ধারিত স্থান ছাড়া অন্য কোনোখানেই উল্লেখ করবেন না।
4. পরীক্ষা-পুস্তিকা এবং উত্তর-পত্র সাবধানতার সঙ্গে নাড়াচাড়া করবেন। কোনো কারণে তা খারাপ বা নষ্ট হলে দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে না। শুধুমাত্র পরীক্ষা-পুস্তিকা এবং উত্তর-পত্রের কোড নম্বরের মধ্যে অমিল থাকলেই দ্বিতীয় পরীক্ষা-পুস্তিকা দেওয়া হবে।
5. পরীক্ষার্থী হাজিরা-পত্রে (Attendance Sheet) ঠিকমতো পরীক্ষা-পুস্তিকা/উত্তর-পত্রে মুদ্রিত পরীক্ষা-পুস্তিকার কোড নম্বরটি লিখবেন।
6. মেশিন কেবলমাত্র উত্তর-পত্রে (OMR) দেওয়া সংকেতই পড়তে পারবে। তাই কোনো তথ্য অসম্পূর্ণ রাখা চলবে না এবং প্রবেশ-পত্রে প্রদত্ত তথ্যের সাথে তার কোনো পার্থক্য থাকবে না।
7. পরীক্ষার্থীকে কেবল প্রবেশ-পত্র (Admit Card) ছাড়া অন্য কোনো পাঠ্যবস্তু, ছাপা বা হাতে-লেখা, কাগজের টুকরো, পেজার, মোবাইল ফোন, বৈদ্যুতিন উপকরণ বা অন্য কোনো দ্রব্য নিয়ে পরীক্ষা হল-এ ঢুকতে দেওয়া হবে না।
8. মোবাইল, বেতার যোগাযোগ মাধ্যম (এমনকী নিষ্ক্রিয় করে রাখা মোবাইল) এবং অন্যান্য নিষিদ্ধ বৈদ্যুতিন উপকরণ পরীক্ষা হলে আনা চলবে না। এই নির্দেশ পালন না করলে তাকে অন্যায় আচরণ হিসাবে গণ্য করা হবে এবং তাঁর বিরুদ্ধে ব্যবস্থা নেওয়া হবে, এমনকী তাঁর পরীক্ষা বাতিল করাও যেতে পারে।
9. পরীক্ষা-নিরীক্ষক চাইলে পরীক্ষার্থী তাঁর প্রবেশপত্র তাঁকে দেখাবেন।
10. পরীক্ষা-নিরীক্ষক বা তত্ত্বাবধায়কের অনুমতি ছাড়া পরীক্ষার্থী তাঁর আসন ছেড়ে উঠবেন না।
11. কর্মরত নিরীক্ষকের হাতে নিজের উত্তর-পত্র জমা না দিয়ে এবং হাজিরা-পত্রে দুবার স্বাক্ষর না করে পরীক্ষার্থী পরীক্ষা হল থেকে বেরোবেন না। যদি কোনো পরীক্ষার্থী হাজিরা-পত্রে দ্বিতীয়বার স্বাক্ষর না করেন, তবে এটাই ধরে নেওয়া হবে যে তিনি তাঁর উত্তর-পত্র জমা করেননি এবং ব্যাপারটিকে দণ্ডনীয় অপরাধ হিসাবে গণ্য করা হবে।
12. ইলেক্ট্রনিক/হস্তচালিত ক্যালকুলেটরের ব্যবহার নিষিদ্ধ।
13. পরীক্ষা হলের মধ্যে পরীক্ষার্থী বোর্ড-নির্ধারিত যাবতীয় নীতি-নিয়ম মেনে চলতে বাধ্য। কোনো রকম অনভিপ্রেত আচরণের বিচার ও তার সিদ্ধান্ত বোর্ডের নিয়ম-অধিনিয়ম অনুযায়ীই সম্পন্ন হবে।
14. কোনো রকম পরিস্থিতিতেই পরীক্ষা-পুস্তিকা ও উত্তর-পত্রের কোনো অংশ বিচ্ছিন্ন করা চলবে না।
15. **পরীক্ষা শেষ হলে, পরীক্ষার্থী পরীক্ষা হল ছাড়ার আগে তাঁর উত্তর-পত্রটি অবশ্যই নিরীক্ষকের হাতে জমা দেবেন। পরীক্ষা-পুস্তিকাটি অবশ্য জমা করার দরকার নেই। পরীক্ষার্থী সেটা নিজের সঙ্গে নিয়ে যেতে পারেন।**

## निम्नलिखित निर्देशों को ध्यान से पढ़ें :

www.prepp.in

1. जिस प्रकार से विभिन्न प्रश्नों के उत्तर दिए जाने हैं उसका वर्णन परीक्षा पुस्तिका में किया गया है, जिसे आप प्रश्नों का उत्तर देने से पहले ध्यान से पढ़ लें।
2. प्रत्येक प्रश्न के लिए दिए गए चार विकल्पों में से सही उत्तर के लिए OMR उत्तर-पत्र के **पृष्ठ-2** पर केवल एक वृत्त को ही पूरी तरह **काले/नीले बॉलपॉइंट पेन** से भरें। एक बार उत्तर अंकित करने के बाद उसे बदला नहीं जा सकता है।
3. परीक्षार्थी सुनिश्चित करें कि इस उत्तर-पत्र को मोड़ा न जाए एवं उस पर कोई अन्य निशान न लगाएँ। परीक्षार्थी अपना अनुक्रमांक उत्तर-पत्र में निर्धारित स्थान के अतिरिक्त अन्यत्र न लिखें।
4. परीक्षा पुस्तिका एवं उत्तर-पत्र का ध्यानपूर्वक प्रयोग करें, क्योंकि किसी भी परिस्थिति में (केवल परीक्षा पुस्तिका एवं उत्तर-पत्र के संकेत या संख्या में भिन्नता की स्थिति को छोड़कर) दूसरी परीक्षा पुस्तिका उपलब्ध नहीं करायी जाएगी।
5. परीक्षा पुस्तिका/उत्तर-पत्र में दिए गए परीक्षा पुस्तिका संकेत व संख्या को परीक्षार्थी सही तरीके से हाजिरी-पत्र में लिखें।
6. OMR उत्तर-पत्र में कोडित जानकारी को एक मशीन पढ़ेगी। इसलिए कोई भी सूचना अधूरी न छोड़ें और यह प्रवेश-पत्र में दी गई सूचना से भिन्न नहीं होनी चाहिए।
7. परीक्षार्थी द्वारा परीक्षा हॉल/कक्ष में प्रवेश-पत्र के सिवाय किसी प्रकार की पाठ्य-सामग्री, मुद्रित या हस्तलिखित, कागज की पर्चियाँ, पेजर, मोबाइल फोन, इलेक्ट्रॉनिक उपकरण या किसी अन्य प्रकार की सामग्री को ले जाने या उपयोग करने की अनुमति नहीं है।
8. मोबाइल फोन, बेतार संचार युक्तियाँ (स्विच ऑफ अवस्था में भी) और अन्य प्रतिबंधित वस्तुएँ परीक्षा हॉल/कक्ष में नहीं लाई जानी चाहिए। इस सूचना का पालन न होने पर इसे परीक्षा में अनुचित साधनों का प्रयोग माना जाएगा और उनके विरुद्ध कार्यवाही की जाएगी, परीक्षा रद्द करने सहित।
9. पूछे जाने पर प्रत्येक परीक्षार्थी, निरीक्षक को अपना प्रवेश-पत्र दिखाएँ।
10. केन्द्र अधीक्षक या निरीक्षक की विशेष अनुमति के बिना कोई परीक्षार्थी अपना स्थान न छोड़ें।
11. कार्यरत निरीक्षक को अपना उत्तर-पत्र दिए बिना एवं हाजिरी-पत्र पर दुबारा हस्ताक्षर किए बिना परीक्षार्थी परीक्षा हॉल/कक्ष नहीं छोड़ेंगे। यदि किसी परीक्षार्थी ने दूसरी बार हाजिरी-पत्र पर हस्ताक्षर नहीं किए, तो यह माना जाएगा कि उसने उत्तर-पत्र नहीं लौटाया है और यह अनुचित साधन का मामला माना जाएगा। **परीक्षार्थी अपने बाएँ हाथ के अँगूठे का निशान हाजिरी-पत्र में दिए गए स्थान पर अवश्य लगाएँ।**
12. इलेक्ट्रॉनिक/हस्तचालित परिकलक का उपयोग वर्जित है।
13. परीक्षा हॉल/कक्ष में आचरण के लिए परीक्षार्थी बोर्ड के सभी नियमों एवं विनियमों द्वारा नियमित हैं। अनुचित साधनों के सभी मामलों का फैसला बोर्ड के नियमों एवं विनियमों के अनुसार होगा।
14. किसी हालत में परीक्षा पुस्तिका और उत्तर-पत्र का कोई भाग अलग न करें।
15. **परीक्षा सम्पन्न होने पर, परीक्षार्थी हॉल/कक्ष छोड़ने से पूर्व उत्तर-पत्र निरीक्षक को अवश्य सौंप दें।** ***परीक्षार्थी अपने साथ इस परीक्षा पुस्तिका को ले जा सकते हैं।***

## READ THE FOLLOWING INSTRUCTIONS CAREFULLY :

Prepp
Your Personal Exams Guide

1. The manner in which the different questions are to be answered has been explained in the Test Booklet which you should read carefully before actually answering the questions.
2. Out of the four alternatives for each question, only one circle for the correct answer is to be darkened completely with **Black/Blue Ballpoint Pen** on **Side-2** of the OMR Answer Sheet. The answer once marked is not liable to be changed.
3. The candidates should ensure that the Answer Sheet is not folded. Do not make any stray marks on the Answer Sheet. Do not write your Roll No. anywhere else except in the specified space in the Answer Sheet.
4. Handle the Test Booklet and Answer Sheet with care, as under no circumstances (except for discrepancy in Test Booklet Code or Number and Answer Sheet Code or Number), another set will be provided.
5. The candidates will write the correct Test Booklet Code and Number as given in the Test Booklet/Answer Sheet in the Attendance Sheet.
6. A machine will read the coded information in the OMR Answer Sheet. Hence, no information should be left incomplete and it should not be different from the information given in the Admit Card.
7. Candidates are not allowed to carry any textual material, printed or written, bits of papers, pager, mobile phone, electronic device or any other material except the Admit Card inside the Examination Hall/Room.
8. Mobile phones, wireless communication devices (even in switched off mode) and the other banned items should not be brought in the Examination Halls/Rooms. Failing to comply with this instruction, it will be considered as using unfair means in the examination and action will be taken against them including cancellation of examination.
9. Each candidate must show on demand his/her Admit Card to the Invigilator.
10. No candidate, without special permission of the Centre Superintendent or Invigilator, should leave his/her seat.
11. The candidates should not leave the Examination Hall/Room without handing over their Answer Sheet to the Invigilator on duty and sign the Attendance Sheet twice. Cases where a candidate has not signed the Attendance Sheet second time will be deemed not to have handed over the Answer Sheet and dealt with as an unfair means case. **The candidates are also required to put their left hand THUMB impression in the space provided in the Attendance Sheet.**
12. Use of Electronic/Manual Calculator is prohibited.
13. The candidates are governed by all Rules and Regulations of the Board with regard to their conduct in the Examination Hall/Room. All cases of unfair means will be dealt with as per Rules and Regulations of the Board.
14. No part of the Test Booklet and Answer Sheet shall be detached under any circumstances.
15. **On completion of the test, the candidate must hand over the Answer Sheet to the Invigilator in the Hall/Room.** ***The candidates are allowed to take away this Test Booklet with them.***